

GP PATIENT SURVEY

সমীক্ষাটির বিষয়ে:

কেন এই সমীক্ষা করা হচ্ছে?

GP পেশেন্ট সার্ভে এমন ভাবে পরিকল্পনা করা হয়েছে যাতে রোগীরা GP ডাক্তারখানায় তাদের অভিজ্ঞতার বিষয়ে মতামত দেয়ার সুযোগ পায়। স্থানীয় GP ডাক্তারখানায় ও অন্যান্য স্থানীয় NHS পরিষেবায় আপনার অভিজ্ঞতা সম্পর্কে এই জরিপ আপনাকে জিজ্ঞাসা করে, এবং এর মধ্যে আপনার সাধারণ স্বাস্থ্য সম্পর্কে প্রশ্নসমূহ অন্তর্ভুক্ত। এই জরিপটি রোগীদের বিস্তারিত ইস্যু সম্পর্কে জিজ্ঞাসা করবে, যেমন, রোগীদের তাদের ডাক্তারখানায় এ্যাপয়েন্টমেন্ট করাটা কতটা সহজ বা কঠিন, খোলা থাকার সময় নিয়ে সন্তুষ্টি, GP ও প্র্যাকটিস নার্সদের কাছ থেকে প্রাপ্ত সেবার মান, ও অন্যান্য বিষয়সমূহ।

আমরা যে উত্তরগুলো পাই সেগুলো আপনার ও আপনার পরিবারের মতো মানুষদের জন্য স্থানীয় স্বাস্থ্যসেবা উন্নত করতে NHS-কে সাহায্য করে। গত বারো মাসে COVID-19 মহামারীর প্রতি সাড়া দিতে গিয়ে GP পেশাজীবীদের বেশ কিছু পরিবর্তন করতে হয়েছে। যার ফলে, আপনার স্থানীয় NHS পরিষেবার ক্ষেত্রে আপনার অভিজ্ঞতা সম্পর্কে আমাদের জানতে পারাটা এখন আগের যেকোনো সময়ের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ, এমনকি যদি আপনি সম্প্রতি আপনার GP পেশাজীবীকে নাও দেখিয়ে থাকেন, অথবা আপনি আগেও একটি প্রশ্নমালা পূরণ করে থাকেন।

এটা আসলে কার কাছ থেকে?

Ipsos MORI, একটি স্বাধীন সমীক্ষা সংস্থা, NHS England-এর হয়ে এই সমীক্ষাটি পরিচালনা করছে।

আমাকে কেন প্রশ্নাবলী পাঠানো হয়েছে?

আপনাকে প্রশ্নাবলী পাঠানো হয়েছে কারণ ইংল্যান্ডের একটি GP-তে নাম লেখানো সাবালক রোগীদের তালিকা তেকে আপনাকে এলোপাথাড়িভাবে নির্বাচন করা হয়েছে। প্রায় 2 মিলিয়ন ইংল্যান্ডের GP তে নিবন্ধিত প্রাপ্তবয়স্ক রোগীকে GP রোগী জরিপের এই কাজের জন্য নির্বাচন করা হয়েছে।

আমাকে কেন টেক্সট মেসেজ পাঠানো হয়েছে?

যেখানে মোবাইল ফোন নম্বর আছে সেখানে জরিপে অংশগ্রহণের রিমাইন্ডার হিসেবে টেক্সট মেসেজ পাঠানো হয়েছে। প্রতিটি টেক্সট মেসেজে একটি অনন্য লিঙ্ক রয়েছে, যেটিতে আপনার লগ-ইন এর বিবরণ দেয়া হয়েছে। এটি দিয়ে আপনি আপনার জরিপের নম্বর অথবা পাসওয়ার্ড প্রবেশ করানো ছাড়াই অনলাইনে অংশগ্রহণ করতে পারবেন।

এই সমীক্ষা আবার কেন করা হচ্ছে?

GP পেশেন্ট সার্ভে GP ডাক্তারখানায় দেয়া যত্ন ও পরিষেবা সম্পর্কে রোগীদের অধিজ্ঞতা ও পছন্দ বিষয়ে মতামত দেয়ার একটি পন্থা হিসেবে চলমান রয়েছে। এমনকি আপনি যদি গত বছর একটি প্রশ্নপত্র পূরণ করেও থাকেন আপনার আরো সাম্প্রতিক অভিজ্ঞতা সম্পর্কে জানা গুরুত্বপূর্ণ, এবং এই বছর রোগী সংক্রান্ত ইস্যুগুলো নিয়ে আমরা আরো প্রশ্ন অন্তর্ভুক্ত করেছি।

আমাকে কী অংশগ্রহণ করতেই হবে?

অংশগ্রহণ করা সম্পূর্ণ ঐচ্ছিক, তাই আপনাকে যে একটি প্রশ্নাবলী পূর্ণ করতেই হবে তা আবশ্যিক না। কিন্তু এই পরিণাম যাতে লোকেদের গঠ ডাক্তারখানা অথবা স্বাস্থ্যকেন্দ্রের অভিজ্ঞতার একটি নির্ভুল চিত্র দেয় তাই আমাদের বিভিন্ন ধরনের লোকের কাছে থেকে বহু মতামত প্রয়োজন, তাই আমরা চাই যত বেশি সম্ভব লোক একটি প্রশ্নাবলী সম্পূর্ণ করুক।

ডাক্তারখানা কত ভালভাবে রোগীদের পরিষেবা দিচ্ছে সেই বিষয়ে রোগীদের মতামত জানাবার একটা সুযোগ এই সমীক্ষা। আমরা আশা করি যেসব রোগীদের এই সমীক্ষায় অংশগ্রহণ করার জন্য নির্বাচন করা হয়েছে তারা এই সব গুরুত্বপূর্ণ বিষয়গুলির উপর তাদের মতামত জানাবার এই সুযোগটি গ্রহণ করবে। আমরা যত বেশি উত্তর পাব ডাক্তারখানাগুলি কী ভাবে চলছে, সেই ব্যাপারে আরো নির্ভুল ধারণা পাব।

যদি আপনি এই জরিপ সম্পর্কে কোনো রিমাইন্ডার পেতে না চান, তাহলে অনুগ্রহ করে সাথে দেয়া ফ্রিপোস্ট খামে ফাঁকা প্রশ্নমালাটি ফেরত পাঠান। বিকল্প হিসেবে, আপনি Ipsos MORI এর জরিপের হটলাইনে ফ্রিফোনে যোগাযোগ করতে পারেন 0800 819 9137 নম্বরে (সোমবার থেকে শুক্রবার সকাল ৪টা থেকে রাত ৭টা; শনিবার সকাল 10টা থেকে বিকাল 5টা) অথবা Ipsos MORI এর কাছে ইমেইল পাঠাতে পারেন GPPatientSurvey@ipsos.com ঠিকানায়।

আমার GP সম্পর্কে আমার কিছু অভিযোগ আছে যেগুলি সমীক্ষায় কভার করা হয়নি। আমি কিভাবে অভিযোগ জানাতে পারি?

আপনার ডাক্তার, নার্স বা GP প্র্যাকটিস সম্পর্কে আপনার অন্য কোন জিজ্ঞাস্য বা অভিযোগ থাকলে Ipsos MORI আপনাকে কোনোভাবে সহায়তা করতে পারবে না। Ipsos MORI কেবল NHS England-এর হয়ে GP Patient Survey টি চালাচ্ছে।

আপনার ডাক্তার বা GP প্র্যাকটিস প্রদত্ত পরিষেবা বা পরিচর্যা সম্পর্কে আপনি কোন মন্তব্য বা অভিযোগ করতে চাইলে আপনাকে প্রথমে প্র্যাকটিসের সঙ্গে যোগাযোগ করতে হবে। যদি আপনার অভিযোগ থাকে, তাহলে প্রতিটি প্র্যাকটিসের একজন করে কর্মী থাকবেন যিনি আপনার সঙ্গে বিষয়টি সমাধান করার চেষ্টা করবেন।

বিকল্পভাবে, আপনি NHS England এর সঙ্গে যোগাযোগ করতে পারেন যারা আপনার প্র্যাকটিস দ্বারা প্রদত্ত পরিষেবার অনুমোদন করেন। NHS England এর সঙ্গে যোগাযোগ করার জন্য:

- "For the attention of the complaints team" বিষয়ের ঘরে লিখে england.contactus@nhs.net এ ইমেইল করুন

- ফোন 0300 311 22 33

নিম্নলিখিত ওয়েবসাইটে অভিযোগ করা সম্পর্কে আরো তথ্য পাওয়া যেতে পারে:

- <https://www.england.nhs.uk/contact-us/complaint/>
- <http://www.nhs.uk/NHSEngland/complaints-and-feedback/Pages/nhs-complaints.aspx>

আমি কী সমীক্ষার পরিণাম দেখতে পারি?

হ্যাঁ, সমীক্ষার পরিণাম প্রকাশিত হয় এবং www.gp-patient.co.uk ওয়েবসাইটে দেখতে পারা যাবে।

প্রশ্নাবলী সম্পূর্ণ করা:

আমাকে কী সবগুলি প্রশ্নের উত্তর দিতেই হবে?

“আপনার সম্পর্কে” সেকশনে থাকা যেকোনো জনসংখ্যা-বিষয়ক প্রশ্নসহ এই প্রশ্নগুলির উত্তর দেওয়া সম্পূর্ণ ঐচ্ছিক, তাই আপনাকে দিতেই হবে না। কিন্তু আমরা আশা করি আপনি অংশগ্রহণ করবেন, কারণ তাহলে আমরা মানুষের অভিজ্ঞতার আরো ভাল ধারণা পাব। আপনার আগের উত্তরের দরুণ কিছু প্রশ্ন আমরা আপনাকে বাদ দিতে বলব। উদাহরণস্বরূপ, আপনি যদি প্রশ্ন 7 এ টিক চিহ্ন দিয়ে থাকেন তাহলে আপনাকে কেবল প্রশ্ন 8 -এর উত্তর দিতে হবে, তবে অনুগ্রহ করে যত্ন সহকারে প্রশ্নাবলীর নির্দেশগুলি অনুসরণ করবেন।

খোপে আমি টিক না কাটা চিহ্ন দেব?

যে উত্তরটি আপনার নিজস্ব মতামত অথবা অভিজ্ঞতার সবচেয়ে কাছাকাছি সেই খোপে আপনি হয় একটি টিক অথবা একটি কাটা চিহ্ন দিতে পারেন।

কাগজে প্রশ্নাবলী সম্পূর্ণ করতে আমার অসুবিধা হলে কী হবে?

যে সব রোগীদের প্রশ্নাবলী পূর্ণ করতে অসুবিধা হচ্ছে, তাদের জন্য Ipsos MORI একটি টেলিফোন নম্বর দিচ্ছে। অনুগ্রহ করে সোম থেকে শুক্রবার সকাল 8টা থেকে রাত 9টার মধ্যে অথবা শনিবার সকাল 10টা থেকে বিকেল 5টার মধ্যে 0800 819 9137 নম্বরে ফোন করুন।

যে সব রোগীরা কাগজে প্রশ্নাবলী সম্পূর্ণ করতে অনিচ্ছুক তারা অনলাইনে www.gp-patient.co.uk/survey এ গিয়ে প্রশ্নাবলী সম্পূর্ণ করতে পারেন। তবে অনুগ্রহ করে মনে রাখবেন, রোগী প্রতি কেবল একটি উত্তর গ্রহণ করা হবে।

প্রশ্নাবলীর প্রথম পৃষ্ঠায় বিএসএল সংকেতের অর্থ কী?

প্রশ্নাবলীর প্রথম পৃষ্ঠায় বিএসএল সংকেতটি হল ব্রিটিশ সাইন ল্যাঙ্গুয়েজ-এর প্রতীক।

ব্রিটিশ সাইন ল্যাঙ্গুয়েজ (BSL) ব্রিটেনে সাইন ল্যাঙ্গুয়েজ-এর সবচেয়ে প্রচলিত ধরণ। ভাষা হিসাবে বিএসএল -এর নিজস্ব ব্যাকরণ এবং বাক্যগঠন আছে, এবং এটা কথ্য ইংরেজী ভাষার উপর নির্ভরশীল নয় অথবা নিবিড়ভাবে সম্পর্কিত নয়।

জানুয়ারী 2009 থেকে GP পেশেন্ট সার্ভে-এর বিষয়ে আরো তথ্য এবং সমীক্ষার একটি অনলাইন সংস্করণ গঠিত ব্রিটিশ সাইন ল্যাঙ্গুয়েজ-এ সমীক্ষার ওয়েবসাইট www.gp-patient.co.uk -এর মাধ্যমে উপলব্ধ হবে।

একটি অনলাইন লিংকের মাধ্যমে সমীক্ষাটি পূরণ করার নির্দেশাবলীও ব্রিটিশ সাইন ল্যাঙ্গুয়েজ-এ উপলব্ধ হবে, এবং সমীক্ষাটি W3C অ্যাক্সেসিবিলিটি স্ট্যান্ডার্ডগুলির সাথে সম্পূর্ণরূপে সুসঙ্গত হবে।

গঠ

আমি একটি ভুল করেছি? আমি কী করব?

ভুল করে থাকলেও আমরা চাই আপনি আপনার সম্পূর্ণ করা প্রশ্নাবলী পাঠাবেন। অনুগ্রহ করে ভুল উত্তরের জন্য খোপটি সম্পূর্ণ ভর্তি করুন এবং তারপর যত্নসহকারে সঠিক খোপে টিক চিহ্ন দিন।

আমি আমার প্রশ্নাবলী হারিয়ে ফেলেছি; আপনি কী আমাকে আর একটি প্রতিলিপি পাঠাতে পারেন?

যারা তাদের প্রশ্নাবলী ফেরৎ পাঠায় নি আমরা তাদের মনে করিয়ে দেবার জন্য আরেকবার একটি প্রশ্নাবলী পাঠাবো, সুতরাং সেটা পরবর্তী কয়েক সপ্তাহের মধ্যে আপনার কাছে পৌঁছে যাওয়া উচিত।

আমি কি প্রশ্নাবলীটি পূর্ণ করার জন্য আমার স্বামী বা স্ত্রী/বন্ধু/অন্য কাউকে দিতে পারি?

না, চিঠিতে যে ব্যক্তির নাম লেখা আছে প্রশ্নাবলী সেই ব্যক্তির অভিজ্ঞতা জানতে চায়, সুতরাং যদিও আপনি প্রশ্নাবলী পূর্ণ করার জন্য সাহায্য চাইতে পারেন, সেটি অবশ্যই আপনার নিজস্ব অভিজ্ঞতার বিষয়ে লিখে সম্পূর্ণ করবেন।

আমি অন্য লোকেদের জন্য যে অ্যাপয়েন্টমেন্ট করি সেই বিষয়ে কী আমি উত্তর দিতে পারি?

হ্যাঁ, কিন্তু প্রশ্নের একটি অংশে বেশিরভাগ প্রশ্নকর্তা চিঠিতে উল্লিখিত ব্যক্তির অভিজ্ঞতা সম্পর্কে জিজ্ঞাসা করে। ‘একটি অ্যাপয়েন্টমেন্ট করা’ নামক বিভাগটিতে অন্য লোকেদের অ্যাপয়েন্টমেন্ট সম্পর্কে প্রশ্নের উত্তর থাকতে পারে।

আমি কী কাউকে প্রশ্নাবলী পূর্ণ করতে সাহায্য করতে পারি?

হ্যাঁ, তাতে কোন অসুবিধা নেই। আপনার একজন বন্ধু বা আত্মীয়ের যদি প্রশ্নাবলী পূর্ণ করার জন্য সাহায্য চান, তাহলে আপনি সাহায্য করতে পারেন। তবে উত্তরগুলি অবশ্যই তাদের অভিজ্ঞতার বিষয়ে হওয়া উচিত।

প্রশ্নাবলী পূর্ণ করার জন্য আমি কী অন্য কারোর সাহায্য চাইতে পারি?

হ্যাঁ, তাতে কোন অসুবিধা নেই। প্রশ্নাবলী ভর্তি করার জন্য আপনার কোন সাহায্যের প্রয়োজন হলে, আপনি একজন বন্ধু বা আত্মীয়কে সাহায্য করতে বলতে পারেন, তবে উত্তরগুলি শুধু আপনার অভিজ্ঞতার বিষয়ে হওয়া উচিত।

আমাকে কী চিঠিটি ফেরৎ পাঠাতে হবে?

না, আপনাকে শুধু সম্পূর্ণ করা প্রশ্নাবলী প্রদত্ত ডাক মাশুল দেওয়া খামে ভরে ফেরৎ পাঠাতে হবে।

আমি গত সপ্তাহে/গত মাসে/সম্প্রতি আমার ডাক্তারখানা পরিবর্তন করেছি, আমাকে কী তা সত্বেও প্রশ্নাবলী সম্পূর্ণ করতে হবে?

যদি আপনি নভেম্বর থেকে আপনার GP প্র্যাকটিসের পরিবর্তন করে থাকেন তাহলে আপনাকে আপনার GP প্র্যাকটিসের সম্পর্কে প্রশ্নের জন্য আপনি যে প্র্যাকটিসের অধীনে রেজিস্টার করেছিলেন তা সম্পর্কে প্রশ্নাবলীর উত্তর দিন। তবে, জেনারেল প্র্যাকটিস সম্পর্কে কোনো জিজ্ঞাস্য থাকলে অনুগ্রহ করে আপনার আগে কোনো জেনারেল প্র্যাকটিস অ্যাপয়েন্টমেন্ট ছিল কিনা সেটি ভেবে দেখুন। এটা যে কোনো জেনারেল প্র্যাকটিসের অবস্থান হতে পারে যেমন GP প্র্যাকটিস ও হাব।

আমি গত বছর আমার গঠন সাথে দেখা করিনি কিন্তু তাও আমাকে একটি প্রশ্নাবলী পাঠানো হয়েছে। আমি কী সেটি সম্পূর্ণ করব?

যদি আপনি কোনো GP প্র্যাকটিসে রেজিস্টার করে থাকেন - এমনকি আপনি সম্প্রতি কোনো GP, নার্স বা অন্যান্য স্বাস্থ্যসেবা পেশাদারের কাছে না গেলেও আপনার উত্তর আমাদের কাছে মূল্যবান। সমীক্ষায় কিছু প্রশ্ন আছে যেখানে আপনি কবে জেনারেল প্র্যাকটিস অ্যাপয়েন্টমেন্টের জন্য চেষ্টা করেছিলেন এবং কবে আপনি শেষ প্র্যাকটিস অ্যাপয়েন্টমেন্ট নিয়েছেন তা সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছে; এটা আমাদেরকে আপনার সাম্প্রতিক অভিজ্ঞতা বুঝতে সাহায্য করবে।

আমি ডাক্তারখানায় আমার গঠন (ডাক্তার)-এর সাথে দেখা করি না, শুধু নার্সের সাথে দেখা করি। আমি কী তাও সমীক্ষাটি পূর্ণ করতে পারি?

হ্যাঁ, আপনি এখন প্রশ্নাবলী সম্পূর্ণ করতে পারেন। বেশিরভাগ প্রশ্নই জেনারেল প্র্যাকটিস সম্পর্কে, এর মধ্যে GP, নার্স বা অন্যান্য স্বাস্থ্যসেবা পেশাদারের সঙ্গে অ্যাপয়েন্টমেন্ট অন্তর্ভুক্ত।

আমাকে কখন এটা ফেরত পাঠাতে হবে?

অনুগ্রহ করে আপনার সম্পূর্ণ করা প্রশ্নাবলী যত শীঘ্র সম্ভব ফেরত পাঠান এবং অনুগ্রহ করে নিশ্চিত করুন যে এটি যেন আমাদের কাছে:

31 মার্চ 2021

আমার চিঠির সাথে আমি একটি খাম/প্রশ্নাবলী পাইনি?

এই রকম হয়ে থাকলে আমাদের ক্ষমা করবেন। আমরা অল্প দিনের মধ্যেই প্রশ্নাবলীর প্রতিলিপিসহ একটা মনে করিয়ে দেবার চিঠি পাঠাবো সুতরাং অনুগ্রহ করে সমীক্ষাটি যখন পৌঁছাবে তখন তা সম্পূর্ণ করবেন এবং সংযুক্ত খামে ভরে এটা ফেরত পাঠান। অথবা, আপনার কাছে যদি একটি প্রশ্নাবলী থাকে এবং সেটি আপনি পূর্বেই আমাদের কাছে পাঠাতে চান, অনুগ্রহ করে “FREEPOST GP PATIENT SURVEY” লেখা খামে প্রশ্নাবলীটি ভরে দেকেন। কোন ডাকটিকিট লাগবে না।

ওয়েবসাইট/অনলাইনে সমাপন:

আমি কী অনলাইনে সমীক্ষাটি সম্পূর্ণ করতে পারি ?

আপনি যদি অনলাইনে এই সমীক্ষা সম্পূর্ণ করতে চান, তাহলে অনুগ্রহ করে www.gp-patient.co.uk/survey এ যান এবং সমীক্ষার লিংকটি অনুসরণ করুন। তারপর আপনাকে যখন ইউজার নেম আর আপনার অধিতীয় পাসওয়ার্ডও এন্টার করতে বলা হবে তখন আপনার ১০ অক্ষ সূত্র নম্বর / ইউজার নাম জানাতে হবে। সূত্র নম্বর এবং পাসওয়ার্ড প্রশ্নাবলীর প্রথম পৃষ্ঠায় ছাপা আছে। মনে রাখবেন, রোগী প্রতি কেবল একটি উত্তর গৃহীত হবে।

অনলাইনে সমীক্ষা সম্পূর্ণ করার জন্য আমার প্রয়োজনীয় লগইন বিবরণ/সূত্র আমি হারিয়ে ফেলেছি। আমি কী পুনরায় এগুলি পেতে পারি ?

যদি আপনি আপনার লগ-ইন এর বিবরণ হারিয়ে ফেলেন তাহলে অনুগ্রহ করে আপনার অনুরোধটি GPPatientSurvey@ipsos.com ঠিকানায় ইমেইল করুন এবং আমরা এগুলি আপনাকে আবার ইমেইল করবো। সমীক্ষার সব নম্বর ও পাসওয়ার্ড সুরক্ষিতভাবে সংরক্ষণ করা হয়, তাই এতে কয়েক দিন সময় লাগতে পারে।

বিকল্প হিসেবে, আপনি পরবর্তী রিমাইন্ডারের চিঠি ও প্রশ্নমালা না পাওয়া পর্যন্ত অপেক্ষা করতে পারেন, যা সমীক্ষাটি পূরণ করেননি এমন প্রত্যেক ব্যক্তিকে পাঠানো হবে। আপনার সমীক্ষার নম্বর ও পাসওয়ার্ড প্রশ্নমালার প্রথম পৃষ্ঠায় মুদ্রণ করা থাকবে।

যেখানে মোবাইল নম্বর আছে সেখানে জরিপে অংশগ্রহণের রিমাইন্ডার হিসেবে টেক্সট মেসেজও পাঠানো হয়ে থাকে। প্রতিটি টেক্সট মেসেজে একটি অনন্য লিঙ্ক থাকে, যেটিতে আপনার লগ-ইন এর বিবরণ দেয়া থাকবে। এটি দিয়ে আপনি আপনার জরিপের নম্বর অথবা পাসওয়ার্ড প্রবেশ করানো ছাড়াই অনলাইনে অংশগ্রহণ করতে পারবেন।

অনলাইনে সমীক্ষাটি সম্পূর্ণ করার জন্য কোথায় আমি ইউজার নেম/সূত্র নম্বর খুঁজে পেতে পারি ?

অনলাইনে সমীক্ষাটি সম্পূর্ণ করার জন্য প্রশ্নাবলীর প্রথম পৃষ্ঠায় কম্পিউটারের প্রতীক চিহ্নিত বিভাগে ইউজার নেম/সূত্র নম্বর এবং পাসওয়ার্ড ছাপা আছে।

অংশগ্রহণ করা:

আমি কেন একটি প্রশ্নাবলী পাইনি? কীভাবে আমি একটি পাব?

প্রশ্নাবলীটি এলোপাথাডিভাবে নির্বাচিত মানুষদের কাছে পাঠানো হচ্ছে যারা ইংল্যান্ডে একজন গঠ-র কাছে নিবন্ধীকৃত। NHS England একজন গঠ-র কাছে নিবন্ধীকৃত রোগীদের এনএইচএস তালিকা থেকে তাদের নাম এলোপাথাডিভাবে নির্বাচন করেছে। সমীক্ষাটি যে বৈধ তা নিশ্চিত করার জন্য, গুণগত মান নিয়ন্ত্রণ সেই সব লোকেদের কাছে প্রশ্নাবলী পাঠাতে পারে না যারা সমীক্ষায় অংশগ্রহণ করার জন্য ইতিমধ্যে এলোপাথাডিভাবে নির্বাচিত হয়নি।

এই মুহুর্তে আমি কোন গঠ-র কাছে নিবন্ধীকৃত নই, আমি কী তাও প্রশ্নাবলীটি সম্পূর্ণ করব?

এই সমীক্ষাটি গত ছয় মাস ধরে GP প্র্যাকটিসের কাছে রেজিস্টার করে আছেন এমন লোকেদের কাছে পাঠানো হয়েছে। উক্ত সময়ে আপনি কোনো প্র্যাকটিসের কাছে রেজিস্টার করে থাকলে, এমনকি এখনও রেজিস্টার না থাকলেও, আপনি প্রশ্নাবলী পূরণ করতে পারেন। আপনার GP প্র্যাকটিস সম্পর্কে জিজ্ঞাসা করা প্রশ্নাবলীর জন্য উক্ত সময়ে (বা উক্ত সময়ের বেশিরভাগ অংশে) আপনি যে প্র্যাকটিসের কাছে রেজিস্টার করেছিলেন সেই সম্পর্কিত প্রশ্নের উত্তর দিন। তবে, সাধারণ প্র্যাকটিসের সম্পর্কিত প্রশ্নের জন্য অনুগ্রহ করে আপনার আগে কোনো জেনারেল প্র্যাকটিস অ্যাপয়েন্টমেন্ট ছিল কিনা তার সম্পর্কে ভাবুন। এটা যে কোনো জেনারেল প্র্যাকটিসের অবস্থান হতে পারে যেমন GP প্র্যাকটিস ও হাব।

আমি সম্প্রতি আমার গঠ-র সাথে যোগাযোগ করিনি, আমি কী তাও প্রশ্নাবলীটি সম্পূর্ণ করব?

হ্যাঁ, আপনি এখন প্রশ্নাবলী সম্পূর্ণ করতে পারেন। যদি কোন প্রশ্ন আপনার ক্ষেত্রে প্রযোজ্য না হয় তাহলে 'প্রযোজ্য নয়' নির্বাচন করুন (যেখানে অন্তর্ভুক্ত আছে) অথবা খালি ছেড়ে দিন। এছাড়াও আমরা নিয়মিত নির্দেশনা অন্তর্ভুক্ত করেছি যা আপনাকে আপনার সম্পর্কিত নয় এমন প্রশ্নের উত্তর দেওয়া এড়াতে সহায়তা করবে।

সাধারণ:

0800 নম্বরে ফোন করার খরচ কত?

ব্রিটেনে একটি প্রচলিত ল্যাণ্ডলাইন ফোন থেকে 0800 টেলিফোন নম্বরে করা সমস্ত কলগুলি বিনামূল্যের।

Ipsos MORI কাকে বলে?

Ipsos MORI একটি নিবন্ধীকৃত এবং স্বাধীন সমীক্ষা সংস্থা যারা কঠোরভাবে মার্কেট রিসার্চ সোসাইটির নৈতিক আচরণ বিধি মেনে চলে। ইপসোস ইউকে এবং মোরি, যাদের বিষয়ে আপনি হয়ত আলাদাভাবে শুনে থাকবেন, তারা 2005 সালের অক্টোবর মাসে একত্রিত হয়ে ব্রিটেনের দ্বিতীয় বৃহত্তম গবেষণা সংগঠন গড়ে তেলে। Ipsos MORI কে স্বীকৃত মূল্যায়ন সংস্থা মার্কেটিং কোয়ালিটি অ্যাশিওরেন্স (MQA) নতুন আন্তর্জাতিক প্রণালী স্ট্যান্ডার্ড ISO 20252 এবং ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড ফর ইনফরমেশন সিকিউরিটি ISO 27001 প্রদান করে, এটি বিশ্বের প্রথম সমীক্ষা সংস্থা যারা উভয় মানদণ্ড অর্জন করেছে। Ipsos MORI-র বিষয়ে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে www.ipsos-mori.com ওয়েবসাইট দেখুন।

গোপনীয়তা এবং ডাটা সুরক্ষা

কীভাবে এবং কেন আমরা এই গবেষণার জন্য আপনার ব্যক্তিগত ডাটা ব্যবহার করছি, আপনার অধিকারসমূহ এবং আপনার ডাটা ব্যবহার সম্পর্কে আপনার যদি কোনও প্রশ্ন বা উদ্বেগ থেকে থাকে তবে কীভাবে আমাদের সাথে যোগাযোগ করবেন এই বিভাগের তথ্যগুলো তা ব্যাখ্যা করে।

আমার সাথে যোগাযোগের বিবরণ আপনারা কীভাবে পেয়েছেন?

Ipsos MORI আপনাকে NHS England এর পক্ষ থেকে এই প্রশ্নপত্র পাঠাচ্ছে। একজন GP-র সাথে নিবন্ধিত NHS-এর রোগীদের তালিকা থেকে এলোপাতাড়িভাবে নামগুলো বেছে নেয়া হয়েছে। Ipsos MORI যাতে আপনাকে এই গবেষণায় অংশগ্রহণ করার জন্য আমন্ত্রণ করতে পারে তাই NHS England আপনার ব্যক্তিগত তথ্যের সীমিত পরিমাণ শেয়ার করেছে। এই ডাটায় অন্তর্ভুক্ত রয়েছে:

- আপনার নাম ও ঠিকানা
- GP প্র্যাকটিস কোড এবং NHS নম্বর
- লিঙ্গ এবং মাস / জন্ম বছর
- মোবাইল টেলিফোন নম্বর (লভ্য থাকলে)

Ipsos MORI আপনার ডাটা গোপনীয় রাখবে এবং শুধু আপনাকে এই জরিপে অংশগ্রহণের আমন্ত্রণ জানানোর জন্য আপনার যোগাযোগের বিবরণ ব্যবহার করবে। সমীক্ষাটি শেষ হয়ে যাওয়ার পর, Ipsos MORI নিরাপদে আপনার যোগাযোগের বিবরণ মুছে ফেলবে। Ipsos MORI -এর কাছে কারো স্বাস্থ্য সম্পর্কে কোন তথ্য নেই।

আমার ব্যক্তিগত তথ্য প্রক্রিয়া করার জন্য আপনার আইনি ভিত্তি কী?

NHS England এই গবেষণাটি চালাচ্ছে GP প্র্যাকটিস এবং অন্যান্য স্থানীয় NHS পরিষেবাগুলো উন্নত করতে NHS -কে সহায়তা করার জন্য, যাতে করে সেগুলো রোগীদের মতামতের প্রতি সাড়া দিয়ে স্থানীয় প্রয়োজনগুলো আরও ভালোভাবে মেটায়ে। NHS রোগীদের সেবা দেয়ার ক্ষেত্রে জনসাধারণকে সম্পৃক্ত করা তাদের আইনি দায়িত্ব (NHS Act 2006 এর সেকশন 13Q অনুযায়ী)।

NHS England হল GP Patient Survey-এর জন্য ব্যক্তিগত ডাটা প্রক্রিয়াকরণের জন্য ডাটা কন্ট্রোলার, যার অর্থ হল এই প্রক্রিয়াটি UK জেনারেল ডাটা প্রোটেকশন রেগুলেশন (জিডিপিআর)

মেনে চলে কিনা তা নিশ্চিত করতে তারা দায়বদ্ধ। GP Patient Survey এর বৈধ প্রক্রিয়াকরণের জন্য NHS England এর ভিত্তি হল অনুচ্ছেদ 6(1) (ই) – “কন্ট্রোলার-এর উপর ন্যস্ত জনস্বার্থে অথবা সরকারী কর্তৃপক্ষের অনুশীলনে সম্পন্ন করা একটি কার্য সম্পাদনের জন্য প্রক্রিয়াকরণ আবশ্যিক”। বিশেষ ধরনের ব্যক্তিগত ডাটা (যেমন স্বাস্থ্য, জাতিগত বা জাতিস্বত্বগত উৎস অথবা যৌন অভিমুখীতা) প্রক্রিয়াকরণের জন্য অবশ্যই একটি অতিরিক্ত শর্ত, অনুচ্ছেদ 9(2)(h) “প্রতিরোধমূলক বা অক্যুপেশনাল ওষুধের জন্য, কর্মচারীর কর্মক্ষমতা মূল্যায়নের জন্য, মেডিকেল ডায়াগনোসিস এর জন্য, স্বাস্থ্যসেবা অথবা সামাজিক সেবা অথবা চিকিৎসা প্রদানের জন্য, অথবা স্বাস্থ্যসেবা অথবা সোশ্যাল কেয়ার সিস্টেম এবং পরিষেবাসমূহের ব্যবস্থাপনার জন্য প্রক্রিয়াকরণ অপরিহার্য” পূরণ করতে হবে। এর অর্থ হল NHS England যথাস্থানে যথাযথ সুরক্ষা সহকারে তাদের কাছে আপনার

সম্পর্কে রাখা ব্যক্তিগত ডাটা গবেষণার জন্য ব্যবহার করতে পারবে। Ipsos MORI হল সমীক্ষা সরবরাহের জন্য NHS England –এর নির্দেশে কাজ করা ডাটা প্রক্রিয়াকারী।

আপনি NHS England এর গোপনীয়তার বিস্তৃতি <https://www.england.nhs.uk/contact-us/privacy/privacy-notice/> ওয়েবসাইটে দেখতে পারেন।

এই সমীক্ষায় অংশ নেওয়া নিজের ইচ্ছার উপর নির্ভর করছে। তবে, আপনি যদি ভবিষ্যতে অংশ নিতে না চান তাহলে অনুগ্রহ করে আপনার সমীক্ষা নম্বরটি (চিঠির উপরের অংশে অথবা প্রশ্নপত্রের সম্মুখভাগে থাকা) প্রেরণ করুন যা নির্দেশ করবে যে আপনি GPPatientSurvey@ipsos.com থেকে বেরিয়ে যেতে চান।

ন্যাশনাল ডাটা অস্ট-আউটগুলো কি এই সমীক্ষায় প্রয়োগ করা হয়?

না। Department of Health and Social Care নিশ্চিত করেছে যে ন্যাশনাল ডাটা অস্ট-আউট শুধুমাত্র তখনই প্রযোজ্য হয় যখন রোগীর গোপনীয় তথ্য কোন স্বতন্ত্র ব্যক্তির যন্ত্র ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহৃত হয়। রোগীর গোপনীয় তথ্যের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে কোন স্বতন্ত্র ব্যক্তি সম্পর্কে ক্লিনিক্যাল ডাটা (যেমন কোনও মেডিকেল অবস্থা, প্রেসক্রিপশন বা প্রাপ্ত যন্ত্র) এবং কোন স্বতন্ত্র ব্যক্তি সম্পর্কে ব্যক্তিটির চিকিৎসার রেকর্ডের মাধ্যমে পাওয়া কোন তথ্য। GP Patient Survey সমীক্ষা করা হবে এমন ব্যক্তিদের বাছাই করতে এবং যোগাযোগ করতে GP প্র্যাকটিসের রোগীর রেজিস্ট্রেশন রেকর্ড থেকে আনা ডেমোগ্রাফিক ডাটা এবং যোগাযোগের বিবরণ ব্যবহার করে। কোন ক্লিনিক্যাল তথ্য ব্যবহার বা তথ্য অ্যাকসেস না করে এই ব্যক্তিগত ডাটা রোগীর গোপনীয় তথ্য হিসেবে শ্রেণিভুক্ত করা হয় না। সেই হিসাবে, ন্যাশনাল ডাটা অস্ট-আউট GP Patient Survey-এর ক্ষেত্রে প্রযোজ্য নয়।

আপনার কি আমার স্বাস্থ্য সম্পর্কিত ডাটা অ্যাকসেস করেছেন?

না, একেবারেই না। Ipsos MORI –কে শুধুমাত্র আপনার GP প্র্যাকটিস কোড ও NHS নম্বর, নাম, যোগাযোগের বিবরণ, জন্মের মাস ও বছর এবং লিঙ্গ দেওয়া হয়েছে। NHS England আপনার স্বাস্থ্য সম্পর্কে Ipsos MORI –কে কোন তথ্য দেয়নি - এটি আপনার এবং আপনার GP এর মধ্যে গোপনীয় থাকবে।

Ipsos MORI –কে আপনার NHS নম্বর দেওয়া হয়েছে যাতে আপনি যদি ইতিপূর্বে সমীক্ষাটি ছেড়ে বেরিয়ে গিয়ে থাকলে তারা যাতে আপনার সাথে আবার যোগাযোগ না করে তা নিশ্চিত করতে তারা যেন আপনাকে শনাক্ত করতে পারে। আপনার যোগাযোগের বিবরণ সমীক্ষার বিষয়ে আপনার সাথে যোগাযোগ করতে ব্যবহৃত হয়, এবং GP প্র্যাকটিস কোড কেবলমাত্র GP প্র্যাকটিসের প্রতি উত্তরগুলোতে লিখ করার জন্য ব্যবহৃত হবে।

জন্মের মাস ও বছর এবং লিঙ্গ সম্পর্কিত তথ্য শুধুমাত্র এটি নিশ্চিত করতে ব্যবহৃত হবে যে বেনামী সমীক্ষার তথ্য যাতে প্র্যাকটিসের লোকদের প্রোফাইলের সাথে যতটা সম্ভব কাছাকাছি মেলে।

আপনার যোগাযোগের বিবরণ কার সাথে শেয়ার করা হয়েছে

সমীক্ষা পরিচালনা করার জন্য Ipsos MORI নির্দিষ্ট কিছু সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে কাজ করছে এবং সেই উদ্দেশ্যে এইসব সরবরাহকারী প্রতিষ্ঠানের কাছে আপনার

যোগাযোগের বিবরণ প্রকাশ করার প্রয়োজন হবে। এই সরবরাহকারী প্রতিষ্ঠানগুলোর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- Adare SEC; প্রিন্ট করা চিঠিপত্র এবং প্রশ্নপত্র
- Text Local; বিতরণ করার টেক্সট মেসেজ রিমাইন্ডার
- Whistl এবং Royal Mail; বিতরণ এবং ডাকমাশুল

এই সরবরাহকারীরা UK জেনারেল ডাটা প্রোটেকশন রেগুলেশনস অনুমোদিত এবং সম্মতিযুক্ত।

কুকিজ

কিছু অনলাইন সমীক্ষা 'কুকিজ' ব্যবহারের মাধ্যমে তথ্য সংগ্রহ করে। এগুলো আপনার কম্পিউটারে জমা হওয়া ছোট ছোট ফাইল। এই ফাইলগুলো যতটা সম্ভব কম এবং শুধুমাত্র মান নিয়ন্ত্রণ, বৈধতা এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ হল, আপনি ইতিমধ্যে সম্পন্ন করেছেন এমন কোন অনলাইন সমীক্ষার জন্য আপনাকে রিমাইন্ডার পাঠাতে আমাদেরকে বিরত করার জন্য ব্যবহৃত হয়। আপনার কম্পিউটারে ব্রাউজার সেটিংস নিয়ন্ত্রিত করার মাধ্যমে আপনার পক্ষে 'কুকিজ' মুছে ফেলা বা সেগুলোর ব্যবহার রোধ করা সম্ভব।

আপনার কম্পিউটারটি যে সফটওয়্যার ব্যবহার করছে সমীক্ষার প্রশ্নপত্রটি সেই সফটওয়্যারের জন্য উপযুক্ত আকারে পাঠানো হয়েছে কিনা তা নিশ্চিত করতে Ipsos MORI স্বয়ংক্রিয়ভাবে আপনার অপারেটিং সিস্টেম, ডিসপ্লে সেটিংস এবং আইপি অ্যাড্রেসসহ ব্রাউজারের ধরণ সম্পর্কে তথ্য গ্রহণ করে। Ipsos MORI আপনার কম্পিউটার থেকে অন্য কোনও তথ্য গ্রহণ করে না।

আমার উত্তরগুলোর কী হবে?/ আমার ডাক্তার কি এই সমীক্ষায় আমার দেওয়া উত্তরগুলো দেখতে পাবেন?

আপনার উত্তরগুলো অন্য ব্যক্তিদের দেওয়া উত্তরগুলোর সাথে একত্রিত করে ফেলা হবে এবং আপনার নাম, যোগাযোগের বিবরণ বা NHS নম্বরের সাথে সংযুক্ত করা হবে না। Ipsos MORI, এবং NHS England - এর অনুমোদিত কর্মী ও গবেষকরা আপনার প্রশ্নের ব্যক্তিগত উত্তরগুলি গোপনীয় রাখবেন। প্রকাশিত কোনও ফলাফলের মধ্যে কেউ আপনাকে সনাক্ত করতে সক্ষম হবে না।

আপনার উত্তরগুলো আপনার ডাক্তার বা GP প্র্যাকটিসের কাছে ফেরত পাঠানো হবে না। NHS England - এর পক্ষ থেকে Ipsos MORI এই ওয়েবসাইটটিতে আপনার প্র্যাকটিসের অন্যান্য মতামতের সাথে বেনামে এগুলো প্রকাশ করে: <https://gp-patient.co.uk/surveysandreports>

NHS England এর অনুমোদিত কর্মী এবং গবেষক কারা এবং তারা কীভাবে এই ফলাফলগুলো ব্যবহার করতে পারে?

স্বতন্ত্র রোগী পর্যায়ে সমীক্ষার ডাটা ব্যবহার করতে পারার জন্য, NHS England এবং অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক নিযুক্ত গবেষক সহ সকল গবেষককে, অনুমতির জন্য আবেদন করতে হবে। প্রতিটি আবেদন অবশ্যই কঠোর অনুমোদন প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে হবে, যেখানে কী কাজ করা হবে তা নির্দিষ্ট করে উল্লেখ করা থাকবে, এমন একটি চুক্তি সহকারে যে যেকোনো প্রকাশনা কেবল সম্পূর্ণ বেনামী ডাটা উল্লেখ করবে। অন্যান্য সমস্ত ব্যবহারকারীরা বেনামী ডাটাগুলো কেবল জাতীয়, CCG বা প্র্যাকটিস পর্যায়ে ব্যবহার করতে পারবে।

আমার ব্যক্তিগত তথ্য কোথায় রাখা ও প্রক্রিয়া করা হবে?

এই সমীক্ষার জন্য ব্যবহৃত এবং সংগৃহীত আপনার সমস্ত ব্যক্তিগত তথ্য Ipsos MORI দ্বারা যুক্তরাজ্যের মধ্যে তথ্য কেন্দ্রগুলিতে এবং সার্ভারে রক্ষিত হবে।

আমার ব্যক্তিগত তথ্য নিরাপদ রয়েছে তা আপনারা কীভাবে নিশ্চিত করবেন?

Ipsos MORI তার তথ্য নিরাপত্তার দায়বদ্ধতা গুরুত্ব সহকারে গ্রহণ করে এবং আপনার তথ্য হারিয়ে যাওয়া, চুরি বা অপব্যবহার হওয়ার থেকে সুরক্ষিত তা নিশ্চিত করার জন্য বিভিন্ন সতর্কতা গ্রহণ করে। নিরাপত্তার সতর্কতাতে অফিসের যথাযথ বাস্তব নিরাপত্তা এবং কম্পিউটার সিস্টেমে নিয়ন্ত্রিত এবং সীমিত অ্যাক্সেস অন্তর্ভুক্ত। ব্যক্তিগত তথ্য সুরক্ষিতভাবে সংরক্ষণ করা হয়েছে এবং প্রকল্পে সরাসরি জড়িত কর্মীরা কেবলমাত্র সেটি দেখতে পাবে এমনটা নিশ্চিত করতে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

Ipsos MORI -এর তার তথ্য নিরাপত্তা নিয়ন্ত্রণ এবং কাজের ধরণের নিয়মিত অভ্যন্তরীণ ও বাহ্যিক অডিট রয়েছে এবং তথ্যের নিরাপত্তার জন্য, ISO 27001 আন্তর্জাতিক মানদণ্ডে স্বীকৃত।

প্রশ্নগুলোতে আপনার ব্যক্তিগত উত্তর আপনার নাম, যোগাযোগের বিবরণ বা NHS নম্বরের সাথে সংযুক্ত করা হবে না। Ipsos MORI, এবং অনুমোদিত NHS England কর্মী ও গবেষকগণ পৃথক উত্তরগুলোকে গোপনীয় বলে গণ্য করেন এবং জেনারেল ডাটা প্রোটেকশন রেগুলেশন এর সমস্ত দিক ও বিধান এবং সুরক্ষিত সংরক্ষণের প্রয়োজনীয়তাসহ অন্যান্য সমস্ত প্রাসঙ্গিক আইন মেনে চলেন।

Ipsos MORI কতদিন ধরে আমার ব্যক্তিগত তথ্য ও শনাক্তকরণযোগ্য উত্তর রক্ষা করবে?

গবেষণা প্রকল্প এবং ফলাফলগুলি সমর্থন করার জন্য যতক্ষণ প্রয়োজন ততক্ষণ অবধি আপনাকে শনাক্ত করা যাবে এমনভাবে Ipsos MORI কেবলমাত্র আপনার তথ্য রক্ষা করবে। বাস্তবে, এর মানে হল যে আমরা বেনামে গবেষণার ফলাফলগুলি সন্তোষজনকভাবে একবার জানিয়ে দিলে, আমরা আমাদের সিস্টেম থেকে নিরাপদে আপনার ব্যক্তিগত ও শনাক্ত করা যাবে এমন তথ্য অপসারণ করে দেব।

এই সমীক্ষাটির জন্য সেপ্টেম্বর 2021 এর মধ্যে আমরা আমাদের সিস্টেম থেকে আপনার ব্যক্তিগত ডাটা নিরাপদে সরিয়ে দেব।

আমার ডাক্তার কীভাবে এই সমীক্ষাটির সাথে জড়িত?

প্রশ্নপত্রটি ইংল্যান্ডের GP -তে নিবন্ধিত ব্যক্তিদের একটি এলোপাতাড়ি নির্বাচনের জন্য পাঠানো হয়েছে এবং NHS England দ্বারা পরিচালিত একটি GP-তে নিবন্ধিত রোগীদের তালিকা থেকে আপনার নামটি এলোপাতাড়িভাবে নির্বাচন করা হয়েছিল।

GP প্র্যাকটিস-এর অবগত থাকা উচিত যে সমীক্ষাটি করা হচ্ছে। সমীক্ষাটি শেষ হওয়ার পর তারা এই ওয়েবসাইট <https://gp-patient.co.uk/surveysandreports>-এর মাধ্যমে প্রাপ্তিসাধ্য তাদের প্র্যাকটিসের জন্য বেনামী, পরিসংখ্যানগত ফলাফলগুলো অ্যাকসেস করতে পারবে, তবে স্বতন্ত্র উত্তরগুলো অ্যাকসেস করতে পারবে না।

সমীক্ষাটি কী নৈতিক অনুমোদন পেয়েছে?

2007 সালে প্রথম সমীক্ষাটি শুরু করার আগে Central Office for Research Ethics Committee (COREC) এর সাথে Ipsos MORI পরামর্শ এবং বিবেচনা করা হয়েছিল যে, GP রা তাদের রোগীদের যেই সেবা প্রদান করে তার মূল্যায়ন করার জন্য - এই সমীক্ষাটি "বিশুদ্ধ গবেষণা" নয় বরং "পরিষেবার মূল্যায়ন"। ফলস্বরূপ, এই সমীক্ষাটির জন্য আনুষ্ঠানিক চিকিৎসা গবেষণার নৈতিক অনুমোদনের প্রয়োজন নেই। তবে, Ipsos MORI গবেষণা নীতি সম্পর্কিত Market Research Society কোডটি কঠোরভাবে মেনে চলে এবং প্রদত্ত রোগীর বিবরণ এই সমীক্ষাটির উদ্দেশ্য ব্যতীত অন্য কোনও কিছু জন্ম ব্যবহার করা হয় না।

UK জেনারেল ডাটা প্রোটেকশন রেগুলেশন (জিডিপিআর)

UK জিডিপিআর-এর মধ্যে অনেকগুলো অধিকার অন্তর্ভুক্ত রয়েছে, যদিও এর সবগুলোই প্রয়োগ হয় না যেখানে প্রক্রিয়াকরণের আইনি ভিত্তি হল জনসাধারণের কাজ, যার মধ্যে রয়েছে মুছে ফেলার অধিকার এবং ডাটা বহনযোগ্যতা।

Ipsos MORI -এর কাছে রাখা যেকোনো ব্যক্তিগত ডাটা মুছে ফেলার আগে সেপ্টেম্বর 2021 এর মধ্যে সেটিতে প্রবেশের অনুরোধ করার অধিকার আপনার রয়েছে। আপনি আপনার সম্মতি প্রত্যাহার করতে পারেন এবং ডাটা রিপোর্টিংয়ের জন্য ডাটা প্রক্রিয়াকরণ হওয়ার আগে (6 এপ্রিল 2021) যেকোনো সময় আপনার ব্যক্তিগত ডাটা বা আপনার দেওয়া সমীক্ষাটির উত্তরগুলো প্রক্রিয়াকরণের বিষয়ে আপত্তি জানাতে পারেন।

NHS England-কে অবশ্যই এক মাসের মধ্যে আপনার অধিকার সম্পর্কিত অনুরোধগুলোতে সাড়া দিতে হবে, যদিও এর কিছু ব্যতিক্রম রয়েছে। NHS England-এর গোপনীয়তা নোটিশ আপনার অধিকার এবং সেগুলো কীভাবে চর্চা করতে হয় তা ব্যাখ্যা করে। <https://www.england.nhs.uk/contact-us/privacy-notice/>

আমরা আপনার ব্যক্তিগত তথ্য কীভাবে প্রক্রিয়া করেছি তার বিষয়ে আপনার যদি উদ্বেগ থেকে থাকে তবে আপনার Information Commissioner's Office (ICO) -এর কাছে অভিযোগ জমা দেওয়ার অধিকার আছে। আপনি Information Commissioner's Office এর ওয়েবসাইট <https://ico.org.uk/global/contact-us/> গিয়ে অথবা: casework@ico.org.uk ঠিকানায় একটি ইমেইল পাঠিয়ে কীভাবে যোগাযোগ করা যাবে তা সম্বন্ধে আপনি বিশদ পেতে পারেন।

এই সমীক্ষা এবং/বা আমার ব্যক্তিগত তথ্য সম্বন্ধে আমি কীভাবে Ipsos MORI ও NHS England -এর সাথে যোগাযোগ করতে পারব?

Ipsos MORIএর সাথে যোগাযোগ করুন:

এই গবেষণা সম্পর্কে আপনার যদি কোন প্রশ্ন থাকে তবে দয়া করে গবেষণা দলের সাথে যোগাযোগ করুন। তাদের সাথে এখানে যোগাযোগ করা যেতে পারে:

ইমেইল: GPPatientSurvey@ipsos.com

ডাকযোগে:

The GPPS Team - Ipsos MORI
3 Thomas More Square
London E1W 1YW

আপনার যদি কোন প্রশ্ন থাকে অথবা আমাদের গোপনীয়তা নোটিশ, ডাটা সুরক্ষা আইনের প্রতি আমাদের সম্মতি বা আমাদের কাছে আপনার সম্পর্কে থাকা তথ্যাদি সম্পর্কে আরও তথ্যের প্রয়োজন হয়, তাহলে দয়া করে আমাদের কমপ্লায়ান্স ডিপার্টমেন্টে যোগাযোগ করুন। তাদের সাথে এখানে যোগাযোগ করা যেতে পারে:

ইমেইল: compliance@ipsos.com ইমেইলের বিষয়ের লাইনে “20-066337-01 GPPS”।

ডাকযোগে:

সূত্র: 20-066337-01 GPPS
Compliance Department
Ipsos MORI
3 Thomas More Square
London E1W 1YW

NHS England-এর সাথে যোগাযোগ করুন:

ইমেইল: england.contactus@nhs.net

টেলিফোন: 0300 311 22 33

ডাকযোগে:

NHS England
PO Box 16738
Redditch
B97 9PT